# তারেক রহমানের নিন্দা ও নুরের সুস্থতা কামনা কাকরাইলে সংঘর্ষে তদন্তের আহ্বান



সংগৃহীত ছবি

রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টি ও গণঅধিকার পরিষদের সংঘর্ষে গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর আহত হন। এ ঘটনার নিন্দা জানিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান নুরের দ্রুত সুস্থতা কামনা করেছেন এবং সরকারের কাছে আইনানুগ তদন্তের জোর দাবি তুলেছেন।

রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টি ও গণঅধিকার পরিষদের মধ্যে সংঘর্ষের ঘটনায় আহত হয়েছেন গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরসহ আরও কয়েকজন। শুক্রবার বাংলাদেশ সময় রাত পৌনে ৩টার দিকে সামাজিকমাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে এক পোস্টে এ ঘটনার তীব্র নিন্দা জানান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

তারেক রহমান বলেন, নুরুল হক নুরের ওপর হামলা এবং কাকরাইলে সংঘটিত সহিংস ঘটনার নিন্দা জানায় বিএনপি। তিনি উল্লেখ করেন, দেশ একটি নাজুক গণতান্ত্রিক উত্তরণের সময় অতিক্রম করছে। জাতীয় নির্বাচন সামনে রেখে সম্মিলিতভাবে অস্থিতিশীল পরিস্থিতি মোকাবিলা করা জরুরি। সহিংসতা ছড়িয়ে পড়লে গণতান্ত্রিক অগ্রযাত্রা ব্যাহত হবে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।

বিএনপি নেতা আরও লিখেছেন, গণতন্ত্রকামী সব পক্ষকে সংযম ও সহনশীলতা বজায় রাখতে হবে এবং গত বছরের গণঅভ্যুত্থানের প্রকৃত চেতনাকে প্রাধান্য দিতে হবে। তিনি মব কালচারের বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেন, আইনশৃঙ্খলা রক্ষা ও শান্তিপূর্ণ পরিবেশ প্রতিষ্ঠার মাধ্যমেই বাংলাদেশকে সামনে এগিয়ে নেওয়া সম্ভব।

পোস্টের শেষে নুরুল হক নুরের দ্রুত আরোগ্য কামনা করে তারেক রহমান ঘটনার আইনানুগ তদন্ত নিশ্চিত করতে সরকারের প্রতি জোর আহ্বান জানান।